DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 14 Nov 2026, 03:52 PM

সারাদেশ

চাঁপাইনবাবগঞ্জে ৫ লাখ ৯৩ হাজার টাকার জাল নোটসহ গ্রেপ্তার ৩

প্রতিবেদক: alamin dhakaprobe
প্রকাশের তারিখ: শনিবার, ২৪ অক্টোবর ২০২৬, ১০:০৪ AM



চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জে যৌথ অভিযানে ৫ লাখ ৯৩ হাজার টাকার জাল নোটসহ তিনজনকে গ্রেপ্তার করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)। এ সময় তাঁদের কাছ থেকে নগদ টাকা, মুঠোফোন, এটিএম কার্ড ও মানিব্যাগ জব্দ করা হয়।

শনিবার (২৪ অক্টোবর) সকাল ৯টার দিকে এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় র‍্যাব-৫-এর মিডিয়া সেল।

গ্রেপ্তার ব্যক্তিরা হলেন শিবগঞ্জ উপজেলার পার দিলালপুর গ্রামের মৃত আজাহার আলীর ছেলে মো. বশির উদ্দিন (৫৬), কলাবাড়ী গ্রামের মৃত রজবুল হকের ছেলে মো. মানিক (৩৮) এবং চাঁদ শিকারী গ্রামের মৃত আবুল হোসেনের ছেলে মো. ইউসুফ আলী (৫০)।

সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, গোপন সংবাদের ভিত্তিতে গত শুক্রবার (২৩ অক্টোবর) দুপুরে শিবগঞ্জ পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডের স্বর্ণকার পট্টি-সংলগ্ন মুকিম মার্কেটের একটি দোকানে অভিযান চালানো হয়। এসআরবি-৫-এর রাজশাহীর সিপিএসসি এবং চাঁপাইনবাবগঞ্জের

সিপিসি-১-এর একটি যৌথ দল এ অভিযান চালায়। এ সময় তিনজনকে হাতেনাতে গ্রেপ্তার করা হয়।

পরে উপস্থিত সাক্ষীদের সামনে তাঁদের কাছ থেকে ৫ লাখ ৯৩ হাজার টাকার সমমূল্যের জাল নোট, নগদ ২০ হাজার ৬৪০ টাকা, তিনটি মুঠোফোন, দুটি এটিএম কার্ড ও দুটি মানিব্যাগ জব্দ করা হয়।

সিপিসি-১ চাঁপাইনবাবগঞ্জ ক্যাম্পের কমান্ডার সিনিয়র পুলিশ সুপার তরিকুল ইসলাম জানান, আসামিদের প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা শেষে উদ্ধার করা আলামতসহ তাঁদের সংশ্লিষ্ট থানায় হস্তান্তর করা হয়েছে। এ ঘটনায় তাঁদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিয়ে মামলা করা হয়েছে।

এ বিভাগের আরও খবর



ব্রাহ্মণবাড়িয়ায় ৭ হাজার ৮০০ কেজি জিরাসহ দুই চোরাকারবারি গ্রেপ্তার
ব্রাহ্মণবাড়িয়ার সদর উপজেলায় ভারত থেকে অবৈধভাবে আনা ৭ হাজার ৮০০ কেজি জিরা ও একটি ট্রাকসহ দুই ব্যক্তিকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ড...



আখাউড়ায় ছাত্রদলের দুই পক্ষের সংঘর্ষ, পুলিশসহ আহত অন্তত ২০
ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়ায় উপজেলা ছাত্রদলের কমিটি গঠনকে কেন্দ্র করে বিএনপির দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে এক পুলিশ সদস্যসহ অন্তত ২০...



ব্রাহ্মণবাড়িয়া সদর হাসপাতালে অভিযান, আটক ৭ দালালের ৫ জনের কারাদণ্ড

ব্রাহ্মণবাড়িয়া জেনারেল হাসপাতালে অভিযান চালিয়ে দালালচক্রের সাত সদস্যকে আটক করেছে জেলা প্রশাসন ও এসআরবি। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাঁদে...



ট্যালকম পাউডারের ঘোষণায় রাসায়নিক পণ্য আমদানি, ২৫ টন পণ্যসহ ট্রাক জব্দ

ট্যালকম পাউডার আমদানির ঘোষণা দিয়ে এর আড়ালে উচ্চ শুল্কমূল্যের অন্য রাসায়নিক পণ্য আনার মাধ্যমে রাজস্ব ফাঁকির চেষ্টার অভিযোগ উঠেছে যশোরের বেনাপ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/chanpainbabgnje-5-lakh-93-hajar-takar-jal-notsh-greptar-3